

এসএসসিতে ফল বিপর্যয়

সিলেট বোর্ডে শুধু গণিতেই ফেল ১০ হাজার

■ সিলেট অফিস

এবারের এসএসসি পরীক্ষায় ফল বিপর্যয় হয়েছে সিলেট বোর্ডে। পাসের হারে দেশের সব বোর্ডের মধ্যে একেবারে নিচে এই বোর্ডের অবস্থান। কমেছে জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যাও। কেবল গণিতেই ফেল করেছে ১০ হাজার ১৭৭ জন পরীক্ষার্থী। বাকি সব বিষয়ে অকৃতকার্য হয়েছে ২ হাজার ৯১৫ জন।

সিলেট বোর্ড তাদের গত বছরের রেকর্ডও ধরে রাখতে পারেনি। গতবার পাসের হার ছিল ৮৯ দশমিক ২৩। এবার ৭ দশমিক ৪৬ শতাংশ কমে পাসের হার দাঁড়িয়েছে ৮১ দশমিক ৮২ তে। গত বছর জিপিএ-৫ পেয়েছিল ৩ হাজার ৩৪১ জন, এবার তা কমে দাঁড়িয়েছে ২ হাজার ৪৫২ জন। ফল বিপর্যয়ের কারণ সম্পর্কে সংশ্লিষ্টরা বলছেন, পরীক্ষাকালীন সময়ে দেশের রাজনৈতিক অস্থিতিশীলতা, গণিত বিষয়ে বিপুলসংখ্যক পরীক্ষার্থীর ফেল করা ও মানবিক বিভাগের শিক্ষার্থীদের তুলনামূলক খারাপ ফলের কারণেই সার্বিক ফল নিম্নমুখী হয়েছে।

প্রকাশিত ফল বিশ্লেষণে দেখা যায়, এবার সিলেট শিক্ষা বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ৭২ হাজার ২৪ জন। এর

মধ্যে পাস করেছে ৫৮ হাজার ৯শ' ৩২ জন। উর্দুতে ফেল করেছে ১৩ হাজার ৯২ জন। মানবিক বিভাগে মোট পরীক্ষার্থী ছিল ৪৮ হাজার ৮শ' ৩ জন। এর মধ্যে পাস করেছে ৩৭ হাজার ৩শ' ১৩ জন। পাসের হার ৭৬ দশমিক ৪৬। কিন্তু বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে পরীক্ষার্থীর সংখ্যা অনেক কম থাকলেও পাসের হার বেশি। বিজ্ঞানে পাসের হার ৯৫ দশমিক ১২। আর ব্যবসায়-শিক্ষায় পাসের হার ৮৯ দশমিক ২৮। ফল আশানুরূপ না হওয়া প্রসঙ্গে সিলেট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আব্দুল মাল্লান খান বলেন, প্রথমবারের মতো এবার সৃজনশীল পদ্ধতিতে গণিত বিষয়ের পরীক্ষা নেয়া হয়েছিল। এ কারণে অনেক পরীক্ষার্থীই গণিতে ভালো করতে পারেনি। তাই গণিত পরীক্ষার খারাপ ফলই সার্বিক ফলাফলে নেতিবাচক প্রভাব ফেলেছে।

তিনি আরো বলেন, গণিতে এই ব্যর্থতার অন্যতম কারণ হচ্ছে অনেক কুলে প্রশিক্ষিত-দক্ষ গণিত শিক্ষকের অভাব। শহরের কুলগুলো গণিতে তুলনামূলক ভালো করলেও যফসলের কুলগুলোর বেশিরভাগ পরীক্ষার্থীই ফেল করেছে গণিতে। ভালো ফলের জন্য এসব বিষয়ে বিশেষভাবে নজর দিতে হবে।